

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের এর ৫ম সভার কার্যবিবরণী, ২০১৯-২০ খ্রি.

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম  
পরিচালক (গবেষণা), বার্ড

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ  
তারিখ : ১৮/১১/২০১৯ খ্রিস্টাব্দ  
সময় : বিকাল ০২:৩০ মিনিট

**উপস্থিত সদস্যবৃন্দঃ**

- ১। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ২। শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৩। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
- ৪। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।


**আমন্ত্রিত অনুষদ সদস্যবৃন্দঃ**


- ১। ড. মোঃ কামরুল হাসান, যুগ্ম-পরিচালক (পল্লী শিক্ষা), বার্ড।
- ২। জনাব নাছিমা আক্তার, যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব), বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ১। ড. মোঃ কামরুল হাসান, যুগ্ম-পরিচালক, বার্ড এর “ঐতিহ্যগত পল্লীর জীবন ও সংস্কৃতি” এবং “মুক্তিযুদ্ধ কর্ণার” বিষয়ক দুইটি নতুন ধারণা বা উদ্ভাবন এর কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন করে Idea Form পূরণপূর্বক বার্ডের ইনোভেশন টিমের নিকট প্রেরণ করবেন। তিনি গ্রাম ভিত্তিক বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের তথ্য ও উপকরণ এবং গ্রামীণ লোকজ ঐতিহ্যগত ও কৃষির গুরুত্বপূর্ণ উপকরণ সংগ্রহ করে কর্ণারে সন্নিবেশিত করবেন।  
দায়িত্ব: ড. মোঃ কামরুল হাসান  
যুগ্ম-পরিচালক (পল্লী শিক্ষা)
- ২। জনাব নাছিমা আক্তার, যুগ্ম-পরিচালক, বার্ড “ওয়েবপেজের মাধ্যমে পণ্য মেলা ও অনলাইন বিপণন কার্যক্রম” শীর্ষক নতুন ধারণা উদ্ভাবন কার্যক্রম এর জন্য কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন করে Idea Form পূরণপূর্বক বার্ডের ইনোভেশন টিমের নিকট প্রেরণ করবেন। তিনি অনলাইন বিপণনের জন্য A2i এর জনপ্রিয় Q-commerce এর কার্যক্রমের সাথে Link করার জন্য যোগাযোগ করবেন। A2i এর সাথে উল্লিখিত যোগাযোগের জন্য কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক (গবেষণা), বার্ড সার্বিক সহায়তা করবেন।  
দায়িত্ব: জনাব নাছিমা আক্তার  
যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব)
- ৩। ০৪টি কল্যাণ ইনকিউবেটর নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। BAPARD, গোপালগঞ্জ থেকে সংশ্লিষ্ট অনুষদগণ বার্ডের সাথে যোগাযোগ করেছেন এবং সহসাই উল্লিখিত সংখ্যক কল্যাণ ইনকিউবেটর হস্তান্তর করা হবে।
- ৪। লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার, বার্ড-এ ৫০ হাজার বইয়ের ডাটা এন্ট্রি করা হয়েছে। এছাড়া, বার্ড মডেল স্কুলের সফটওয়্যার তৈরির কাজ সম্পন্ন হয়েছে ও এর টেস্টিং এর কাজ চলমান রয়েছে।
- ৫। বার্ডে চলমান ৬ মাস মেয়াদী ৭০তম বুনিনাদী প্রশিক্ষণ কোর্স “Public Service Delivery” শীর্ষক Workshop অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ৬। বার্ডের হোস্টেল শাখার কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৩০ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে এক দিনব্যাপী উদ্ভাবনী ধারণার উপর অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে। সেলেক্টেড Training Programme ও Budget প্রণয়ন করা হবে।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ রিয়াজ মাহমুদ)  
উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)  
ও  
সদস্য সচিব, ইনোভেশন কমিটি

  
(মোঃ সফিকুল ইসলাম)  
পরিচালক (গবেষণা)  
এবং  
ইনোভেশন অফিসার

**বিতরণঃ**

- ১। পরিচালক (প্রশাসন), বার্ড।
- ২। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড।
- ৩। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
- ৪। আমন্ত্রিত অনুষদ সদস্যবৃন্দ, বার্ড।
- ৫। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড।
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।